

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়
৪২বগুড়া ০৭ সংসদীয় আসন
গাবতলী, বগুড়া।
(gabtali.bogra.gov.bd)

নং ০২

তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে “গণবিজ্ঞপ্তি”

বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রকাশিত প্রতিবেদন হতে দেখা যায় যে, নির্বাচনি তফসিল ঘোষণার পর বিভিন্ন রাজনৈতিক দলের দলীয় কার্যালয়ে সম্ভাব্য প্রার্থীদের দলীয় মনোনয়নপত্র গ্রহণ বা জমাদানের সময় মোটর সাইকেল ও অন্যান্য যানবাহন সহকারে মিছিল এবং শোডাউন করা হচ্ছে, যা সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থী আচরণ বিধিমালা, ২০০৮এর ৮ বিধির সুস্পষ্ট লংঘন।

উল্লিখিত আচরণ বিধিমালার ৮ বিধির (খ) উপবিধি অনুসারে কোন নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাদের পক্ষে অন্য কোন ব্যক্তি মনোনয়নপত্র দাখিলের সময় কোন প্রকার মিছিল কিংবা শোডাউন করতে পারবে না। উল্লিখিত বিধান অনুসারে পরবর্তীতে রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়নপত্র দাখিলের সময় যেন এ ধরনের ঘটনা না ঘটে সে বিষয়ে সকলকে সতর্ক করা হল।

১৪১
(মোঃ আব্দুল ওয়ারেছ আনসারী)
সহকারী রিটার্নিং অফিসার
ও
উপজেলা নির্বাহী অফিসার
গাবতলী, বগুড়া।
দূরলাপনী: ০৫০২৫-৭৫০০১ (দপ্তর)।
ইমেইল-unogabtali@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫০.১০৪০.০০০.১০.০০৫.১৮- ২০৭৩

তারিখঃ ২৫ কার্তিক ১৪২৫
২২ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, বগুড়া।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও মনিটরিং কর্মকর্তা, গাবতলী, নির্বাচনী এলাকা।

সহকারী রিটার্নিং অফিসার
ও
উপজেলা নির্বাহী অফিসার
গাবতলী, বগুড়া।